

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৮৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩. ভীতিকর অবস্থার সময় সালাত - ভয়ের সালাতে সাহ্উ-সিজদা নেই

আরবী

وَعَنْهُ مَرْفُوعًا: «لَيْسَ فِي صَلَاةِ الْخَوْفِ سَهْقٌ». أَخْرَجَهُ الدَّارَقُطْنِيُّ بِإِسْنَادِ ضَعِيفٍ

ضعيف. رواه الدارقطني (2/ 58/1) وضعفه

বাংলা

৪৮৪. ইবনু উমার (রাঃ) কর্তৃক মারফূ' সূত্রে বর্ণিত হয়েছে, ভয়ের সালাতে সাহউ সিজদা নেই। দারাকুৎনী দুর্বল সানাদে।[1]

ফুটনোট

[1] দারাকুতনী ২/৫৮/১। ইবনু আদী তাঁর আল কামিল ফি যুআফা (৭/১২) গ্রন্থে বলেন, এর সানাদে আবদুল হামীদ বিন আস সিররী রয়েছেন যিনি মাজহুল বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত। ইমাম যাহাবী তাঁর মীযানুল ইতিদাল (২/১১৮) গ্রন্থে বলেন, আস সিররী বিন আবদুল হামীদ মাতরূকুল হাদীস। আবদুল্লাহ ইবনু মাস'উদ থেকে একই হাদীস এসেছে। যেটিকে তিনি একই গ্রন্থে (২/৫৪১) একে মুনকার বলেছেন। ইমাম সুয়ূতী তাঁর আল জামেউস সগীর (৭৬৪৪) গ্রন্থে উক্ত দু'টি বর্ণনাকেই দুর্বল বলেছেন। শাইখ আলবানী যঈফুল জামে (৪৯১১), সিলসিলা যাঈফা (৪৩৯৪) গ্রন্থে একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন